

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৯৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. আযান (সালাতের জন্য আহ্বান) - আযানের জন্য উযূ করা শরীয়তসম্মত

আরবী

وَلَهُ: عَنْ أَبِي هُرَيْرَةَ _ رضي الله عنه _ أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ قَالَ: لَا يُؤذِّنُ إِلَّا مُتَوَضِيًُ». وَضَعَّفَهُ أَيْضًا فَالْحَديثُ ضَعِيفٌ مَرْفُوعًا وَمَوْقُوفًا

ضعيف. رواه الترمذي (200) وضعّفه بالانقطاع بين الزهري وبين أبي هريرة. قلت: ورواه أيضا (201) موقوفا على أبي هريرة _ ولا يصح أيضا _ بلفظ: لا ينادي بالصلاة إلا متوضئ

বাংলা

১৯৮। তিরমিযীতে সংকলিত আবৃ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত। তাতে আছে- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- উযূ আছে এরূপ ব্যক্তি ব্যতীত যেন আযান না দেয়।[1] এটাকেও তিনি যঈফ (দুর্বল) বলেছেন।[2]

ফুটনোট

- [1] যঈফ। তিরমিয়ী ২০০। যুহরী ও আবু হুরাইরা মধ্যে বিচ্ছিন্নতা থাকার কারণে তিরমিয়ী হাদীসটিকে যঈফ মন্তব্য করেছেন। মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন: তিরমিয়ী (২০১) নং এ আবু হুরাইরা হতে মওকুফ সূত্রে আরেকটি হাদীস বর্ণিত হয়েছে। এটিও সহীহ নয়। হাদীসের শব্দ হচ্ছে: ---- ওযূকারী ব্যক্তিই কেবল আযান দিবে।
- [2] এর সনদে রয়েছে যুহরী যিনি আবু হুরায়রা থেকে শুনেননি। এর মধ্যে রয়েছে মুআবিয়া বিন ইয়াযিদ আস



সাকাফী দুর্বল রাবী। (বাইহাকী কুবরা ১/৩৯৭), ইবনু কাসীরও অনুরূপ বলেছেন। (আল-আহকামুল কাবীর ১/১২৯), ইবনু সুয়ুতী তার জামেউস সগীরে এ হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম বাইহাকী তাঁর সুনান আল কুবরা (১/৩৯৭) গ্রন্থে, ইমাম ইবনু কাসীর তার আল আহকামুল কবীর (১/১২৯) গ্রন্থে বলেন, এর সনদে মুআবিয়া বিন ইয়াহইয়া আস সিদকী নামক দুর্বল রাবী বিদ্যমান। ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (১/২০৫) গ্রন্থে বলেন, যুহরী আবু হুরাইরাহ থেকে হাদীসটি শুনেনি। আর যুহরী থেকে যে বর্ণনাকারী বর্ণনা করেছেন তিনি দুর্বল। আবদুর রহমান মুবারকপুরী তাঁর তুহফাতুল আহওয়াযী (১/৪৪৫) গ্রন্থে, আহমাদ শাকের তাঁর শরহে সুনান আত তিরমিযী (১৪/৩৮৯) গ্রন্থে, বিন বায তাঁর মাজমূ ফাতাওয়া (৬/৩৪৫, ১০/৩৩৯) গ্রন্থে, শাইখ আলবানী তাঁর যঈফুল জামে (৬৩১৭), যঈফ তিরমিযী (২০০), ইরওয়াউল গালীল (২২২) গ্রন্থে, ইবনু উসাইমীন তাঁর শরহে বুলুগুল মারাম (১/৪৮২) গ্রন্থে সকলেই হাদীসটিকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন